# গণভোটের রায় বাস্তবায়নে ৪দিনের কার্মসূচি ঘোষণা ১১ দলীয় ঐক্যের



রাজধানীর মগবাজারের আল-ফালাহ মিলনায়তনে সংবাদ সম্মেলনে ১১ দলীয় ঐক্যের নেতারা। ছবি : সংগৃহীত

গণভোটের রায় কার্যকর না হওয়ায় ধারাবাহিক আন্দোলনের পথে ১১ দলীয় জোট। এ লক্ষ্যে চার দিনের কর্মসূচি ঘোষণা করেছে তারা।

মঙ্গলবার (৭ এপ্রিল) দুপুরে রাজধানীর মগবাজারে আল-ফালাহ মিলনায়তনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে জোটের সমন্বয়ক ও জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ জানান, সংসদে গণভোটের রায় বাস্তবায়ন নিয়ে কোনো সিদ্ধান্ত না আসায় তারা আন্দোলনের প্রস্তুতি নিচ্ছেন।

বৈঠক শেষে আয়োজিত এই সংবাদ সম্মেলনে জোটের পক্ষ থেকে কর্মসূচি তুলে ধরা হয়। এ সময় সরকারের সমালোচনা করে বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মামুনুল হক বলেন, অন্তর্বর্তী সরকারের গৃহীত সংস্কার-সংক্রান্ত সিদ্ধান্তগুলো বিএনপি উপেক্ষা করছে। তিনি আরও জানান, গণভোটের রায় বাস্তবায়ন না হওয়া পর্যন্ত রাজপথে আন্দোলন চালিয়ে যাবে ১১ দলীয় ঐক্য।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী, আগামী ৯ এপ্রিল শাহবাগে লিফলেট বিতরণের মাধ্যমে আন্দোলন শুরু হবে। এরপর ১১ এপ্রিল সারাদেশের উপজেলা ও থানায় বিক্ষোভ মিছিল, ১২ এপ্রিল জেলা পর্যায়ে সমাবেশ ও মিছিল এবং ১৩ এপ্রিল ঢাকায় গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে একটি সেমিনার আয়োজন করা হবে।

LENS ASIA